

জাকসু নির্বাচন হলে ক্যাম্পাসে লাশ পড়বে: উপাচার্য

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৯:২০, ২ ফেব্রুয়ারি ২০২৫



ছবি: সংগৃহীত

এই মুহূর্তে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) নির্বাচন হলে ক্যাম্পাসে লাশ পড়বে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক কামরুল আহসান। শনিবার (১ ফেব্রুয়ারি) জাকসু তফসিল ঘোষণা না করায় শিক্ষার্থীরা উপাচার্য কার্যালয় ঘেরাও করলে এ কথা বলেন তিনি।

শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য বলেন, ‘আমি তোমাদের মারতে ঠেলে দিতে পারি না। এখন আমার হাতে দুটি অপশন আছে। এই মুহূর্তে নির্বাচন করে আমি থাকলাম, আমার তিন-চারজন শিক্ষার্থী মারা গেল। কিন্তু আমি তো এটা করতে পারি না। আমি কোনোভাবেই চাইনা আমার একটা বাচ্চা ক্ষতিগ্রস্ত হোক।’

কে বা কারা মারতে চায় জানতে চাইলে কোনো উত্তর দেননি উপাচার্য। এসময় শিক্ষার্থীদের ‘আদু ভাইদের আস্তানা, ভেঙে দাও, গুড়িয়ে দাও’; ‘জাকসু চাই, দিতে হবে’; ‘তফসিল চাই, তফসিল দাও নয়তো গদি ছাড়া’; ‘লন্ডনের স্ক্রিপ্ট মানি না, মানব না ইত্যাদি স্লোগান দিতে দেখা যায়।

উপস্থিত শিক্ষার্থীরা বলেন, ‘জাকসু নির্বাচন রোডম্যাপ ঘোষণা করার পর শনিবার তফসিল ঘোষণার তারিখ ছিল। কিন্তু জাকসু বানচালের চেষ্টা চালানো কিছু অছাত্রদের ফাঁদে পা দিয়েছে প্রশাসন। জাকসু নির্বাচন বানচালের লক্ষ্যে তফসিল ঘোষণার তারিখ বিলম্বিত করা হচ্ছে। প্রশাসনের এই টালবাহানা রুখে দিয়ে নির্ধারিত সময়ে তফসিল ঘোষণা না করা হলে আসন্ন ভর্তি পরীক্ষা বন্ধ করে দেওয়া হবে।’

শিহাব